সোনালী ব্যাংক পিএলসি

বিশ্বস্ত ও স্মার্ট



নিলাম বিজ্ঞপ্তি

অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ আর এস টাইলস কুঠির এন্ড স্যানিটারি, প্রোঃ মোঃ শরিফুল ইসলাম, ব্যবসায়িক ঠিকানাঃ ৬১, এম এ বারী সড়ক, সোনাডাংগা, খুলনা। এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র শাখা হইতে গৃহীত উপরোক্ত ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ১৩.১০.২০২৬ তারিখ ভিত্তিক মোট লেজার বকেয়া ৯৮,১৬,২৯৩/- (আটানব্বই লক্ষ ষোল হাজার দুই শত তিরানব্বই মাত্র) টাকা ও অনারোপিত সুদ ১০,২৯,৬৪৫ (দশ লক্ষ উনত্রিশ হাজার ছয়শত পয়তাল্লিশ মাত্র) টাকা সহ মোট ১,০৮,৪৫,৯৩৮/-(এক কোটি আট লক্ষ পয়তাল্লিশ হাজার নয়শত আটত্রিশ টাকা) এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকলে বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে খুব শিগ্রই নিলাম বিজ্ঞপ্তি তৎপরবর্তী নিম্ন বর্ণিত শর্তাবলীতে সীলমহোরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল

জেএল নং-০৩,মৌজা- বানিয়াখামার,খুলনা। খতিয়ান নং- সি এস-৯৫৪,২৬২৩, এস এ-৯৬৮ ও ২৭৯১/১, আর এস-১/১; তৎপর পৃথক ১২৮০১। দাগ নং - সিএস- ৯১৬,৯২৭, এস এ ১২৬৪, ১২৭৩, আর এস-১৫০৪ ।জমির পরিমান-১৪.৬৭ শতক এবং তদুপরিস্থিত নির্মানাদি। জমির মালিকঃ দুলালী সুলতানা দুলী।

জমির চৌহদ্দিঃ-

উত্তরে- মোঃ দেলোয়ার হোসেন লাভলু, পূর্বে- আলাউদ্দিন গং
দক্ষিনে- সরকারী রাস্তা, পশ্চিমে- সরকারী রাস্তা।

শর্ত সমূহ ঃ

০১) আগামী ১৮/১১/২০২৬ ইং দুপুর ৩.৩০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস,খুলনা ও জেনারেল ম্যানেজার'স অফিস, খুলনায় রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে এবং ঐ দিনই বেলা ৪.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রী ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে রক্ষিত দরপত্র বক্সে পৌছাইতে হইবে।

০২) দরপত্র সীলমহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রের দরপত্রদাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ

	আর্নেষ্ট মানি/ জামানতের পরিমাণ	অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
ক	উদ্বৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে
খ	উদ্বৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে
গ	উদ্বৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে

০৪) দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্বৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্বৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/ সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ৩নং অনুচ্ছেদ নির্ধারিত সময়ের মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবিকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৫) দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র প্রস্তাব বাতিল করিতে পারিবেন।

০৬) দরপত্রদাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসীল ভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

০৭) নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল /সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে ।

০৮) ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা যথাসময়ে ফেরত দেওয়া হইবে।

১১) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি/ মালামাল সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

(বিকাশ কুমার ব্যানার্জী)
এ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক পিএলসি